

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

১১৯. যা সুখ বয়ে আনে

- ১. আমলে সালেহ বা নেক আমল বা পুণ্যকর্ম বা সৎ কাজ বা ভলো কাজ :
- "মু'মিন পুরুষ বা মহিলা যে কেহ আমলে সালেহ করে তাকে আমি পবিত্র তথা উত্তম জীবন যাপন করাব।" (১৬-সূরা আন নাহল: আয়াত-৯৭)
- ২. নেক বিবি বা ধার্মিক স্ত্রী:
- "হে আমাদের প্রভু! আমাদেরকে চোখ জুড়ানো স্ত্রী-পুত্র কন্যা দান করুন।" (২৫-সূরা আল ফুরকান : আয়াত-৭৪)
- ৩. একটি প্রশস্ত বাড়ি। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন- "হে আল্লাহ! আমার বাড়িকে আমার জন্য প্রশস্ত করে দিন।"
- 8. হালাল রুজী : আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "নিশ্চয় আল্লাহ্ পবিত্র, পবিত্র জিনিস ছাড়া অন্য কিছু তিনি কবুল (গ্রহণ) করেন না।"
- ৫. উত্তম আচরণ ও মানুষের প্রতি দয়া-মমতা স্নেহ পরায়ণতা।
- "এবং আমি যেখানেই থাকি না কেন তিনি আমাকে সৌভাগ্যবান করেন।" (১৯-সূরা মারইয়াম: আয়াত-৩১)
- ৬. অভাবমুক্ত হওয়া এবং বেপরোয় খরচকারী না হওয়া।
- "এবং তারা যারা অপচয়ও করে না এবং কার্পণ্যও করে না।" (২৫-সূরা আল ফুরকান: আয়াত-৬৭)

এবং (কৃপণের মতো) তোমার হাতকে তোমার ঘাড়ের নিকট গুটিয়ে রেখো না এবং (অপচয়কারীর মতো) তোমার হাতকে পুরাপুরি প্রশস্ত করে দিও না। (১৭-সূরা বনী ইসরাঈল: আয়াত-২৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7628

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন